

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৫০০(আগরতলা, ৭।৩)

সার্বম, ৭ মার্চ, ২০১৯

### ২০ মার্চ থেকে বনকুল মহামুনি উৎসব ও মেলা

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ঐতিহ্যবাহী বনকুল মহামুনি উৎসব ও মেলা আগামী ২০ মার্চ বনকুল মহামুনি বুদ্ধ মন্দির প্রাঙ্গণে শুরু হবে। ৩ দিনব্যাপী এই মেলা ২২ মার্চ পর্যন্ত চলবে। মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। বনকুল মহামুনি বুদ্ধ মন্দির প্রাঙ্গণে গতকাল উৎসব ও মেলার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। মেলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সভা থেকে রূপাইছড়ি বিএসি চেয়ারম্যান ধনঞ্জয় ত্রিপুরাকে সভাপতি এবং সার্বম মহকুমার মহকুমা শাসক বিপ্লব দাসকে আহ্বায়ক করে একটি পরিচালন কমিটি ও ৫টি উপকমিটি গঠন করা হয়েছে। বিশিষ্ট সমাজসেবী ফাইও মগ, রূপাইছড়ির বিডিও, আইসিও এবং বনকুলের সাব-জেড-ডিওকে যুগ্ম আহ্বায়ক করা হয়েছে।

\*\*\*\*\*